

আনন্দময় শিশুশিক্ষার অভিনব নৌযাত্রার সূচনা করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাক। শিশুদের খেলা ও আনন্দঘন অভিজ্ঞতার মাধ্যমে শেখার সুযোগ দেবে এই নৌযাত্রা। প্রতিষ্ঠানের ৫০তম বার্ষিকী উপলক্ষে গতকাল শনিবার সুনামগঞ্জের বিশ্বম্ভরপুর উপজেলায় উৎসবময় পরিবেশে নৌযাত্রার উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুনামগঞ্জের জেলা শিক্ষা অফিসার মো. জাহাঙ্গীর আলম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার মো. মাহামুদুল হাসান, জেলা শিশুবিষয়ক কর্মকর্তা বাদল চন্দ্র বর্মণ এবং বিশ্বম্ভরপুরের উপজেলা চেয়ারম্যান মো. সফর উদ্দিন। আরও উপস্থিত ছিলেন ব্র্যাকের শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও অভিবাসন কর্মসূচিসমূহের পরিচালক সাফি রহমান খান এবং ব্র্যাক শিক্ষা কর্মসূচির প্রধান প্রফুল্ল চন্দ্র বর্মণ।

advertisement 3

ইতিবাচক মূল্যবোধ, গণিত ও বিজ্ঞান বিষয়ের ওপর ভিত্তি করে নানা বর্ণিল ও মজাদার উপকরণে সাজানো নৌকা তিনটি সুনামগঞ্জ থেকে যাত্রা করে পরবর্তী এক বছর নদীপথে মেঘনার মোহনায় অবস্থিত দক্ষিণের দ্বীপ জেলা ভোলা পর্যন্ত ভ্রমণ করবে। পথিমধ্যে নৌকাগুলো তীরবর্তী বিভিন্ন জনপদে যাত্রাবিরতি করবে। এ সময় সেখানকার অধিবাসী শিশু-কিশোর, যুবা, শিক্ষকসহ সাধারণ মানুষ নৌকাগুলোতে উঠে তিনটি বিষয়ের ওপর জ্ঞানলাভ করতে পারবেন।

advertisement 4

বিশ্বম্ভরপুর উপজেলার চেয়ারম্যান মো. সফর উদ্দিন বলেন, ২০১১ সালের ব্র্যাক বোট স্কুলের উদ্যোগে হাওর এলাকার বঞ্চিত শিশুরা শিক্ষার সুযোগ পায়। শিক্ষাকে শিশুদের দোরগোড়ায় পৌঁছে দিতে হবে এবং তাই হাওর অঞ্চলের সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা দেওয়ার জন্য ব্র্যাকের আরও বেশি বোট স্কুল চালু করা উচিত।

ব্র্যাকের পরিচালক সাফি রহমান খান বলেন, গণিতের অন্তর্নিহিত সৌন্দর্য এবং জাছু কখনো কখনো দেখা কঠিন হতে পারে এবং এমনকি ছাত্রদের বোঝানো কঠিন। অভিজ্ঞতামূলক শিক্ষা, খেলার ওপর ভিত্তি করে এবং ক্রিয়াকলাপগুলোর মাধ্যমে, শিশুরা গণিতকে ভয় না পেয়ে আশা করি উপভোগ করবে। প্রসঙ্গত, ব্র্যাক ২০১১ সালে প্রথম হাওরের দুর্গম এলাকার সুবিধাবঞ্চিত শিশুদের জন্য নৌকাস্কুল চালু করে। শিশুদের বিদ্যালয় গমন নয়, বরং বিদ্যালয় গমন করবে শিশুদের কাছে এই ভাবনা থেকে উদ্যোগটি গ্রহণ করা হয়। ব্র্যাকের নৌকার স্কুল প্রকল্পটি ফিনল্যান্ডভিত্তিক শিক্ষা উন্নয়নবিষয়ক বেসরকারি সংস্থা ‘হান্ডেড (এইফ৭৭৭)’ কর্তৃক ২০১৭ সালে বিশ্বের ১০০টি অনুপ্রেরণাদায়ী উদ্ভাবনী উদ্যোগের অন্যতম (১০০ এষডনধষ ওহংঢ়৭৭৭৭হম ওহহড়াধঃ৭ড়হং ড়ভ ২০১৭) হিসেবে মনোনীত হয়।